



চেক জালিয়াতির মামলায় এনসিপির কেন্দ্রীয় নেতা আসাদুল্লাহ আটক



এনসিপি নেতা আসাদুল্লাহ। ছবি : সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র অঙ্গসংগঠন যুবশক্তির কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক মো. আসাদুল্লাহকে একটি চেক জালিয়াতি মামলায় গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার গভীর রাতে, আনুমানিক ১টার দিকে পাবনার সুজানগর উপজেলার হাটখালী ইউনিয়নের সৈয়দপুর গ্রামে তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়। তিনি ওই গ্রামের আকমল শিকদারের ছেলে।

পরিবারের অভিযোগ, নির্বাচনের পর একদল ছাত্রদল ও বিএনপির কর্মী রাতে তাদের বাড়িতে গিয়ে আসাদুল্লাহ ও তার বাবার গায়ে রং ছিটায়। এ ঘটনার প্রতিবাদ করলে তাদের ওপর হামলা চালানো হয়। পরে পূর্বের একটি মামলাকে সামনে এনে পুলিশ ডেকে তাকে গ্রেপ্তার করানো হয়েছে বলে দাবি পরিবারের। তারা দ্রুত তার মুক্তির আহ্বান জানিয়েছেন।

এ বিষয়ে সুজানগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মজিবর রহমান জানান, ২০২৪ সালের একটি অর্থক্ষণ সংক্রান্ত মামলায় আসাদুল্লাহর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা ছিল। গোপন তথ্যের ভিত্তিতে তাকে আটক করে আদালতে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গণভোটে 'হ্যাঁ' প্রচারণায় পাবনা-২ আসনে এনসিপির প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছিলেন আসাদুল্লাহ।